

EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

VIA DELL'ANTARTIDE 7, 00144 ROME, ITALY

E-mail: mission.rome@mofa.gov.bd, embassyofbangladeshrome@gmail.com Website: www.bdembassyrome.it

তারিখ: ১৫ জুলাই ২০২২

Posteitaliane এর মাধ্যমে পাসপোর্ট ডেলিভারি

ইতালি প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে দ্রুততর ও কার্যকর সেবা প্রদানের অভিপ্রায়ে বাংলাদেশ দূতাবাস, রোম পাসপোর্ট ডেলিভারির বিদ্যমান পোস্টাল সার্ভিসের পরিবর্তে **Posteitaliane** এর মাধ্যমে পাসপোর্ট ডেলিভারি কার্যক্রম শুরু করেছে। রোম থেকে দূরবর্তী শহরসমূহে বসবাসরত বাংলাদেশি নাগরিকগণ এই সেবা নিতে পারবেন। এই সার্ভিসের আওতায় কেবলমাত্র **৯.৫০ ইউরো** পোস্টাল ফি জমা দিয়ে ইতালির সিসিলি, সার্দেনিয়াসহ সকল শহরে পাসপোর্ট ডেলিভারি সেবা পাওয়া যাবে।

Posteitaliane এর মাধ্যমে পাসপোর্ট ডেলিভারি সেবা পেতে আগ্রহী ব্যক্তিগণকে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- দূতাবাসে পাসপোর্ট আবেদনের সময় MRP কাউন্টারে **৯.৫০ ইউরো** পোস্টাল ফি জমা দিতে হবে।
- খামের উপর নির্দিষ্ট স্থানে স্পষ্ট অক্ষরে নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।
- বাংলাদেশ থেকে পাসপোর্ট প্রস্তুত হয়ে আসার পর দূতাবাস হতে পাসপোর্টসহ খাম সংগ্রহ করে **Posteitaliane** সংশ্লিষ্ট ঠিকানায় প্রেরণ করবে।
- তথ্য সংশোধন সংক্রান্ত পাসপোর্ট আবেদনসমূহের ক্ষেত্রে এই সার্ভিস প্রযোজ্য হবে না।
- রোম শহরের মধ্যে এই সার্ভিস প্রযোজ্য হবে না।

